



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/৮৩০৪

তারিখ: ০৯/১০/২০১৪খ্রি.

বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং- এস, এফ, ডি, ক- ৭৬(৮)/১৪-১, তারিখ: ০৬/০৮/২০১৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের ২৫/০৯/২০১৪ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, সৈয়দ ফজলুল হক ডিগ্রি কলেজ, ডাক: লেমুয়া, উপজেলা:পাথরঘাটা, জেলা :বরগুনা-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৫খ্রি. পর্যন্ত ০১(এক) শিক্ষা বছরের জন্য বৃদ্ধি করা হলো।

উক্ত বিষয়ের পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে পাঠদানের অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শর্তাবলী

- ০১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭.০০৪.১১-৬০৩, তারিখ- ১৩/০৬/২০১৩ এর ২(ক) নির্দেশ মোতাবেক উক্ত বিষয়ে পাঠদানের ব্যবস্থা করতে হবে
- ০২। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০৩। পাঠদানের এ অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না
- ০৪। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় পাঠদানের অনুমতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

০৯.১০.২০১৪

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫

অধ্যক্ষ

সৈয়দ ফজলুল হক ডিগ্রি কলেজ

ডাক: লেমুয়া, উপজেলা:পাথরঘাটা

জেলা :বরগুনা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ৫। পিএস- টু- চেয়ারম্যান, বশিবো
- ৬। সংরক্ষণ নথি